

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
শৃঙ্খলা শাখা
Mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৯৪.২২- ২ ৫

তারিখ: ২৭ পৌষ ১৪২৯
১১ জানুয়ারি ২০২৩

বিষয়ঃ জনাব অসীম কুমার গাঙ্গুলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর
ঝিনাইদহ এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরণ।

অভিযোগনামা


আপনি জনাব অসীম কুমার গাঙ্গুলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর ঝিনাইদহ (ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) হিসেবে কর্মকালীন অভিযোগ) এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি মাঠ পর্যায়ে কর্মরত পরিবার কল্যাণ সহকারীদের মিনি ষ্টোরের জন্য ক্রয়কৃত স্টীলের ট্রাঙ্ক ক্রয়ের ক্ষেত্রে যথাযথ সরকারি পদ্ধতি অনুসরণ করেননি;

০২। যেহেতু, আপনার উপর্যুক্ত কর্মকাল প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

০৩। যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে দোষী হিসেবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ;

০৪। সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক 'অসদাচরণ' এবং 'দুর্নীতি' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক সরকারি 'চাকরি হতে বরখাস্তকরণ' দন্ড প্রদান করা হবে না বা উক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না, একই বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে তার কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কিনা তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৫। যে সকল অভিযোগ বিবরণীর ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে, তার একটি অনুলিপি এসাথে প্রেরণ করা হলো।


(মোঃ সাইফুল হাসান বাদল)
সচিব

কর্মস্থলের ঠিকানা:

জনাব অসীম কুমার গাঙ্গুলী
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর, ঝিনাইদহ

বর্তমান ও স্থায়ী ঠিকানা:


জনাব অসীম কুমার গাঙ্গুলী
গ্রাম-করাতি পাড়া, ডাকঘর-খাড়াখালী
উপজেলা ও জেলা-ঝিনাইদহ।

নং-৫৯.০০.০০০০.১১৭.২৭.০৯৪.২২- ১৫

তারিখ: ২৭ পৌষ ১৪২৯
১২ জানুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫। নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ, অভিযুক্ত কর্মকর্তার ই-মেইলে প্রেরণ এবং তাঁর সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করে জারিপূর্বক (যদি বিলি না হয় সেক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করে লটকিয়ে জারিপূর্বক) তার প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি রেজিস্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঝিনাইদহ।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।


১১/০১/২৩
(উম্মে কুলসুম)

উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬

Email: disc1@mefwd.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব অসীম কুমার গাঙ্গুলী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সদর ঝিনাইদহ (ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) হিসেবে কর্মকালীন অভিযোগ) এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, তিনি মাঠ পর্যায়ে কর্মরত পরিবার কল্যাণ সহকারীদের মিনি ষ্টোরের জন্য ক্রয়কৃত স্টীলের ট্রাঙ্ক ক্রয়ের ক্ষেত্রে যথাযথ সরকারি পদ্ধতি অনুসরণ করেননি;

০২। যেহেতু, তার উপর্যুক্ত কর্মকাল প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

০৩। যেহেতু, তার উপর্যুক্ত কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে দোষী হিসেবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ।

(মোঃ সাইফুল হাসান বাদল)

সচিব